

শিক্ষাক্ষেত্রে জবাবদিহিতার উপর শিক্ষামন্ত্রীর গুরুত্বারোপ

ঢাকা, ০১ নভেম্বর ২০১৭

শিক্ষাক্ষেত্রে জবাবদিহিতা ও স্বচ্ছতা নিশ্চিত করতে বাংলাদেশ সরকারের গৃহীত পদক্ষেপ ও বিভিন্ন কর্মপদ্ধা তুলে ধরে শিক্ষামন্ত্রী নুরুল ইসলাম নাহিদ এক্ষেত্রে সর্বোচ্চ জবাবদিহিতার উপর গুরুত্বারোপ করেছেন।

আজ প্যারিসে ইউনেস্কো সদর দপ্তরে ৩৯তম মাধ্বারণ সম্মেলনে গ্লোবাল এডুকেশন মনিটরিং রিপোর্ট ২০১৭-১৮-এর উপর এক উচ্চ পর্যায়ের প্যানেল আলোচনায় শিক্ষামন্ত্রী এ গুরুত্বারোপ করেন। বাংলাদেশের শিক্ষামন্ত্রী এবং চিলি, লাইবেরিয়া, নরওয়ে ও তিউনিসিয়ার শিক্ষামন্ত্রীগণ এ প্যানেল আলোচনায় অংশ নেন।

ইউনেস্কো মহাপরিচালক ইরিনা বোকোভা এ উচ্চ পর্যায়ের সভা উদ্বোধন করেন।

২০৩০ সালের মধ্যে মানসম্পন্ন শিক্ষা নিশ্চিত করতে বাংলাদেশ ইতোমধ্যে যেসব পদক্ষেপ গ্রহণ করেছে, জনাব নাহিদ তাঁর আলোচনায় তা তুলে ধরেন। তিনি বলেন, নির্ধারিত সময়ের মধ্যে এসডিজি-৪ অর্জনের জন্য জবাবদিহিতা আরো বাড়াতে হবে। বহুমুখী উদ্যোগ গ্রহণ করতে হবে। শিক্ষাক্ষেত্রে অভ্যন্তরীন ও আন্তর্জাতিক বিনিয়োগ আকৃষ্ট করতে তিনি জবাবদিহিতার গুরুত্ব তুলে ধরেন। বাংলাদেশে স্কুল-কলেজ ব্যবস্থাপনায় স্থানীয় লোকজনদের সম্পৃক্ত করার বিষয়টিও তিনি তুলে ধরেন।

প্যানেল আলোচকগণ শ্রেণিকক্ষ ও উপস্থিতি নিশ্চিত করতে শিক্ষকদের আদর্শ ভূমিকার উপর গুরুত্বারোপ করেন। শিক্ষার গুণগত মান বৃদ্ধিতে তারা সংশ্লিষ্ট সকলকে প্রয়োজনীয় সংস্কার কায়ক্রম গ্রহণের জন্য আহবান জানান।

মাধ্যমিক ও উচ্চশিক্ষা বিভাগের সচিব মো. সোহরাব হোসাইন সভায় উপস্থিত ছিলেন। উল্লেখ্য, বাংলাদেশের শিক্ষামন্ত্রী নুরুল ইসলাম নাহিদ ইউনেস্কো'র ৩৯তম মাধ্বারণ সম্মেলনে বাংলাদেশ প্রতিনিধিদলের নেতৃত্ব দিচ্ছেন।

মোহাম্মদ আফরাজুর রহমান

সিনিয়র তথ্য অফিসার

শিক্ষা মন্ত্রণালয়

মোবাইল: ০১৯১১-০০৭৫৩৯